গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
প্রকল্প ও সুশাসন শাখা

নং-মপবি/প্রসুশা-১(১)/২০০৩(নীতিমালা) [১৫ সেপ্টেম্বর ২০০৫ পর্যন্ত সংশোধিত]

বিষয় : স্বাধীনতা পুরস্কার সংক্রান্ত নীতিমালা ।

কোন ব্যক্তি, গোষ্ঠী, প্রতিষ্ঠান এবং সংস্থাকে নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহে গৌরবোজ্জ্বল ও কৃতিত্বপূর্ণ অবদানের জন্য সরকার স্বাধীনতা পুরস্কারে ভূষিত করিতে পারেন :

(ক) স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ ।
(খ) বিজ্ঞান ও প্রযুক্তি ।
(গ) চিকিৎসা বিদ্যা ।
(ঘ) শিক্ষা ।
(ঙ) সাহিত্য ।
(চ) সংস্কৃতি ।
(ছ) ক্রীড়া ।
(জ) পল্লী উন্নয়ন ।
(ঝ) সমাজ সেবা/জনসেবা ।
(ঞ) জনসংখ্যা নিয়ন্ত্রণ ।
(ট) জনপ্রশাসন ।
(ঠ) গবেষণা ও প্রশিক্ষণ ।
(ড) সরকার কর্তৃক নির্ধারিত অন্য যে কোন ক্ষেত্র ।

২ । বিদ্যমান নীতিমালায় উল্লেখিত ক্ষেত্রসমূহ অনুযায়ী প্রাথমিক মনোনয়ন প্রস্তাব আহবান করা হইবে । তবে স্বাধীনতা পুরস্কার দেশের সর্বোচ্চ জাতীয় ও রাষ্ট্রীয় পুরস্কার বিধায় এই পুরস্কারের জন্য চূড়ান্তভাবে প্রার্থী নির্বাচনকালে দেশ ও মানুষের কল্যাণে অসাধারণ অবদান রাখিয়াছেন শুধুমাত্র এমন সীমিত সংখ্যক ব্যক্তি/প্রতিষ্ঠানকেই বিবেচনা করা হইবে । এই ক্ষেত্রে ব্যক্তি বা প্রতিষ্ঠানের সামগ্রিক জীবনের কৃতিত্ব (Life Time Achievement) সব চাইতে বেশী গুরুত্ব পাইবে ।

৩ । মাননীয় প্রধানমন্ত্রী ইচ্ছা পোষণ করিলে কোন বৎসর এই পুরস্কার প্রদানের সংখ্যা বা ক্ষেত্রের হ্রাস বা বৃদ্ধি করিবার সিদ্ধান্ত গ্রহণ করিতে পারেন । পুরস্কারের সংখ্যা সাধারণভাবে কোন বৎসরে ১০ (দশ) এর অধিক হইবে না এবং কেবলমাত্র বাংলাদেশের নাগরিকগণ/প্রতিষ্ঠান/সংস্থা স্বাধীনতা পুরস্কার পাওয়ার যোগ্য হইবেন/হইবে ।

৪ । স্বাধীনতা পুরস্কার হিসাবে ১৮ (আঠার) ক্যারেট স্বর্ণ নির্মিত ৫০ (পঞ্চাশ) গ্রাম ওজন বিশিষ্ট মেডেল, ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকা ও একটি সম্মাননা পত্র প্রদান করা হইবে । মেডেলের রিবন উন্নতমানের হইবে এবং ইহা ছোট-বড় করাসহ উহার প্রান্তে আটকাইবার ব্যবস্থা থাকিবে । পুরস্কার প্রাপকদেরকে দেয় সম্মাননা পত্র সংলাগ 'ক' নমুনানুসারে হইবে ।

৫ । পুরস্কারের জন্য কোন সুধী পুরস্কার গ্রহণে অস্বীকৃতি জানাইলে বা তিনি নির্দিষ্ট তারিখে পুরস্কার গ্রহণ করিবেন মর্মে কোন সুনিশ্চিত সম্মতি পাওয়া না গেলে নির্বাচিত ব্যক্তির নাম পুরস্কার প্রাপ্তদের চূড়ান্ত তালিকায় অন্তর্ভুক্ত হইবে না । অর্থাত্ তিনি পুরস্কারপ্রাপ্ত হিসেবে বিবেচিত হইবেন না; তাঁহার নাম পুরস্কারপ্রাপ্ত হিসাবে ঘোষণা করা হইবে না ।

৬ । কোন ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য মৃত ব্যক্তিকে পুরস্কৃত করা হইলে (মরণোত্তর) পুরস্কার প্রদান অনুষ্ঠানে পুরস্কার গ্রহণের জন্য যদি তাঁহার কোন উত্তরাধিকারীকে খুঁজে পাওয়া না যায় তবে ঘোষিত পুরস্কারটি সংরক্ষণের জন্য জাতীয় যাদুঘরে প্রেরণ করা হইবে ।

৭ । স্বাধীনতা পুরস্কার প্রদানের ক্ষেত্রে নিম্নলিখিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে :

(ক) সকল মন্ত্রণালয়/বিভাগ প্রাসঙ্গিক ক্ষেত্রে পুরস্কার প্রদানের জন্য সংযুক্ত ছক অনুযায়ী ২৫ (পঁচিশ) কপি প্রস্তাব প্রতি বৎসর ১লা ডিসেম্বরের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করিবে। ইহা ছাড়াও ইতোপূর্বে যে সকল ব্যক্তি স্বাধীনতা দিবস পুরস্কার/স্বাধীনতা পুরস্কারে ভূষিত হইয়াছেন তাঁহাদের নিকট হইতেও স্বাধীনতা পুরস্কারে ভূষিত হওয়ার যোগ্যতা সম্পন্ন ব্যক্তিবর্গের মনোনয়ন আহবান করা যাইতে পারে।

(খ) মন্ত্রিপরিষদ বিভাগ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং স্বাধীনতা দিবস পুরস্কার/স্বাধীনতা পুরস্কারে ভূষিত ব্যক্তিগণের নিকট হইতে প্রাপ্ত পুরস্কারের প্রস্তাবসমূহ জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির মাধ্যমে প্রক্রিয়াকরণান্তে মাননীয় প্রধানমন্ত্রীর বিবেচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করিবে।

(গ) স্বাধীনতা পুরস্কার প্রদান অনুষ্ঠান সরকার কর্তৃক নির্ধারিত তারিখে উপযুক্ত পদ্ধতি অনুসারে অনুষ্ঠিত হইবে।

(ঘ) পুরস্কার বিতরণ অনুষ্ঠানে যোগদানকারী পুরস্কার প্রাপক অথবা উপ-অনুচ্ছেদ (ঙ) ও (চ) তে বর্ণিত ব্যক্তিগণ স্বীয় আবাসস্থল হইতে পুরস্কার বিতরণী অনুষ্ঠানস্থল (বিদেশে অবস্থানকারীর ক্ষেত্রে বাংলাদেশ দূতাবাস) পর্যন্ত যাওয়া-আসা বাবদ রেল, স্টিমার বা সড়ক পথে ভ্রমণের জন্য প্রথম শ্রেণীর প্রকৃত ভাড়া, বিমানে ভ্রমণের জন্য ইকনমী শ্রেণীর প্রকৃত ভাড়া এবং সরকার নির্ধারিত হারে সর্বোচ্চ তিন দিনের দৈনিক ভাতা প্রাপ্য হইবেন। সংশ্লিষ্ট জেলা প্রশাসক/মিশন প্রধান এই দাবী পরিশোধের ব্যবস্থা করিবেন। এইরূপ পরিশোধিত অর্থ মন্ত্রিপরিষদ বিভাগের বাজেট বরাদ্দ হইতে সমন্বয় করা হইবে। ভ্রমণ ভাতা ও দৈনিক ভাতার হার দ্রব্য মূল্যের সহিত সঙ্গতি রাখিয়া সরকার সময় সময় পুনঃনির্ধারণ করিবে।

(ঙ) মরণোত্তর পুরস্কার প্রদানের ক্ষেত্রে এবং যে সকল ক্ষেত্রে পুরস্কার প্রাপক অনিবার্য কারণ বশত পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপস্থিত হইতে অপারগ, পুরস্কার প্রাপকের স্ত্রী বা স্বামী অথবা কোন নিকটাত্মীয় পুরস্কার গ্রহণের জন্য অনুষ্ঠানে উপস্থিত থাকিতে পারিবেন।

(চ) যদি পুরস্কার প্রাপক অথবা মরণোত্তর পুরস্কার প্রাপ্ত ব্যক্তির নিকটাত্মীয় এমন কোন দেশে অবস্থান করেন যেখানে বাংলাদেশের দূতাবাস রহিয়াছে, সেই ক্ষেত্রে পুরস্কার বিতরণী অনুষ্ঠান দূতাবাসে অনুষ্ঠিত হইবে এবং দূতাবাস প্রধান পুরস্কার প্রদান করিবেন। পুরস্কারের অর্থ দূতাবাস কর্তৃক পুরস্কার প্রাপককে প্রদান করা হইবে এবং মন্ত্রিপরিষদ বিভাগ দূতাবাসকে উক্ত অর্থ পুনর্ভরণ করিবে।

(ছ) যদি পুরস্কার প্রাপক বা মরণোত্তর পুরস্কার প্রাপ্ত ব্যক্তির নিকটাত্মীয় এমন কোন দেশে অবস্থান করেন যেখানে বাংলাদেশের দূতাবাস নাই, সেই ক্ষেত্রে বীমাকৃত ডাকযোগে অথবা অন্য কোন অনুমোদিত পদ্ধতির মাধ্যমে পুরস্কার তাঁহার নিকট প্রেরণ করা হইবে। পুরস্কারের অর্থ বাংলাদেশী মুদ্রার বিনিময় হারের ভিত্তিতে সংশ্লিষ্ট দেশের মুদ্রায় অথবা ইউ এস ডলার/পাউন্ড স্টার্লিং এ প্রদান করা হইবে।

(জ) কোন পুরস্কার প্রাপক বা মরণোত্তর পুরস্কার প্রাপ্ত ব্যক্তির নিকটাত্মীয় পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপস্থিত থাকিতে সক্ষম না হইলে তিনি পুরস্কারটি বীমাকৃত ডাকযোগে অথবা অন্য কোন অনুমোদিত পদ্ধতির মাধ্যমে তাঁহার নিকট প্রেরণের অভিপ্রায় ব্যক্ত করিতে পারিবেন।

৮। স্বাধীনতা দিবস পুরস্কার সংক্রান্ত ইতঃপূর্বে জারীকৃত সকল নির্দেশাবলী এতদ্দারা বাতিল/ সংশোধন করা হইল।

স্বাক্ষরিত/-
ড. সা'দত হুসাইন
মন্ত্রিপরিষদ সচিব

স্বাধীনতা পুরস্কারের জন্য প্রস্তাবিত ব্যক্তি
<u>সম্পর্কিত তথ্য ছক</u>

দুই কপি রঙ্গিন পাসপোর্ট সাইজ এবং দুই কপি স্ট্যাম্প সাইজ ছবি।

১। প্রস্তাবকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/ব্যক্তির নাম, পদবী, ঠিকানা এবং টেলিফোন/ফ্যাক্স নম্বর :

২। স্বাধীনতা পুরস্কারের জন্য প্রস্তাবিত ব্যক্তির নাম :

পিতার নাম : মাতার নাম :

জন্ম তারিখ : নিজ জেলা :

৩। প্রকৃত জন্মস্থান (জন্মস্থান নিজ জেলার বাইরে হলে) :

৪। স্থায়ী ঠিকানা (টেলিফোন/ফ্যাক্সসহ) :

৫। বর্তমান ঠিকানা (টেলিফোন/ফ্যাক্সসহ) :

৬। শিক্ষাগত যোগ্যতা :

ক্রমিক	শিক্ষার স্তর	শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	শিক্ষা জীবনের বিশেষ কৃতিত্ব (যদি থাকে)
1.	প্রাথমিক বিদ্যালয়		
2.	এস,এস,সি/সমমান		
3.	এইচ,এস,সি/সমমান		
4.	স্নাতক/সমমান		
5.	স্নাতকোত্তর/সমমান		
6.	উচ্চতর ডিগ্রি		
7.	উল্লেখযোগ্য অন্য কোন সার্টিফিকেট/ডিপ্লোমা		

৭। সামাজিক/সাংস্কৃতিক কার্যক্রমে অংশগ্রহণ :

ক্রমিক নং	সংস্থার নাম ও ঠিকানা	কোন দায়িত্বপূর্ণ পদে থাকলে পদের নাম ও সময়কাল	বিশেষ কৃতিত্ব (যদি থাকে)
1.			
2.			
3.			
4.			
5.			
6.			

৮। উল্লেখযোগ্য গবেষণা/প্রবন্ধ/বই প্রকাশনার বিবরণ :

ক্রমিক নং	গবেষণা/প্রবন্ধ/বই প্রকাশনার শিরোনাম	প্রকাশক/জার্নালের নাম, প্রকাশনার স্থান ও বছর	মন্তব্য
1.			
2.			
3.			
4.			
5.			
6.			

৯। রাজনৈতিক জীবনের গুরুত্বপূর্ণ কার্যাবলী (শুধুমাত্র সংশ্লিষ্ট ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য) :

১০। বিশেষ কোন পুরস্কার/সম্মাননা পেয়ে থাকলে তার বিবরণ :

ক্রমিক নং	পুরস্কার/সম্মাননার নাম ও প্রাপ্তির সন	পুরস্কার/সম্মাননার সংক্ষিপ্ত বিবরণ	মন্তব্য (যদি থাকে)
1.			
2.			
3.			
4.			
5.			
6.			

১১। উল্লেখ করার মতো অন্য কোন গুরুত্বপূর্ণ তথ্য থাকলে তার বিবরণ :

১২। যে ক্ষেত্রে অবদানের স্বীকৃতিস্বরূপ পুরস্কার প্রদানের সুপারিশ করা হয়েছে সে ক্ষেত্রে সুপারিশকৃত ব্যক্তির অবদানের সংক্ষিপ্ত (তবে সুনির্দিষ্ট) বৃত্তান্ত :

১৩। পুরস্কার প্রস্তাব প্রক্রিয়ায়ণকালে জরুরী কোন তথ্য ও অন্য যে কোন প্রয়োজনে যার সাথে যোগাযোগ করা যেতে পারে এমন ব্যক্তির নাম ও ঠিকানা :

নাম ও ঠিকানা :

টেলিফোন নম্বর : ফ্যাক্স নম্বর (যদি থাকে) :

ই-মেইল নম্বর (যদি থাকে) :

১৪। পুরস্কার বিতরণের সময় পুরস্কারপ্রাপ্ত ব্যক্তি কোন কারণে অনুপস্থিত থাকলে তাঁর পরিবর্তে যিনি পুরস্কার গ্রহণ করবেন তাঁর নাম ও ঠিকানা :

নাম ও ঠিকানা :

টেলিফোন নম্বর : ফ্যাক্স নম্বর (যদি থাকে) :

ই-মেইল নম্বর (যদি থাকে) :

তারিখ :

প্রস্তাবক মন্ত্রণালয়/বিভাগ-এর সচিব
অথবা
স্বাধীনতা পুরস্কারে ভূষিত
প্রস্তাবক ব্যক্তির স্বাক্ষর

স্বাধীনতা পুরস্কারের জন্য প্রস্তাবিত প্রতিষ্ঠান

<u>সম্পর্কিত তথ্য ছক</u>

cÖwZôvb cÖavb/cÖwZôvbÖai `B Kwc ÷¨v¤ú mvBR Qwe Ges cÖwZôv‡bi g‡bvMÖvg msh³ Ki‡Z n‡e|

১। প্রস্তাবকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/ব্যক্তির নাম, পদবী, ঠিকানা এবং টেলিফোন/ফ্যাক্স নম্বর :

২। প্রস্তাবিত প্রতিষ্ঠানের নাম :

পূর্ণ ঠিকানা :

রেজিস্ট্রেশন নং ও রেজিস্ট্রেশনের সন (প্রযোজ্য ক্ষেত্রে) :

প্রধান নির্বাহীর নাম : পদমর্যাদা (প্রযোজ্য ক্ষেত্রে) :

টেলিফোন নম্বর : প্রধান নির্বাহীর ফ্যাক্স নম্বর :

৩। প্রতিষ্ঠানের উল্লেখযোগ্য অর্জন/অবদান/কৃতিত্ব :

৪। বিশেষ কোন পুরস্কার/সম্মাননা পেয়ে থাকলে তার বিবরণ :

ক্রমিক নং	পুরস্কার/সম্মাননার নাম ও প্রাপ্তির সন	পুরস্কার/সম্মাননার সংক্ষিপ্ত বিবরণ	মন্তব্য (যদি থাকে)
8.			
9.			
10.			
11.			
12.			
13.			

৫। উল্লেখ করার মতো অন্য কোন গুরুত্বপূর্ণ তথ্য থাকলে তার বিবরণ :

৬। যে ক্ষেত্রে অবদানের স্বীকৃতিস্বরূপ পুরস্কার প্রদানের সুপারিশ করা হয়েছে সে ক্ষেত্রে সুপারিশকৃত প্রতিষ্ঠানের অবদানের সংক্ষিপ্ত (তবে সুনির্দিষ্ট) বৃত্তান্ত (প্রয়োজনে সংলগ্নী ব্যবহার করা যেতে পারে) :

৭। সংযোজিত রিপোর্টসমূহ [টিক (3) অথবা নাই (×) সূচক চিহ্ন দিন]।

সর্বশেষ বার্ষিক রিপোর্ট :

সর্বশেষ বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী (প্রযোজ্য ক্ষেত্রে) :

সর্বশেষ অডিট রিপোর্ট :

সর্বশেষ ৫টি বোর্ড অব গভর্নর/ডাইরেক্টর বা ম্যানেজিং কমিটির মিটিং এর কার্যবিবরণী :

৮। পুরস্কার প্রস্তাব প্রক্রিয়ায়ণকালে জরুরী কোন তথ্য ও অন্য যে কোন প্রয়োজনে যার সাথে যোগাযোগ করা যেতে পারে এমন ব্যক্তির নাম ও ঠিকানা :

নাম :

পদবী :

ঠিকানা :

টেলিফোন নম্বর : ফ্যাক্স নম্বর (যদি থাকে) :

ই-মেইল নম্বর (যদি থাকে) :

৯। পুরস্কার বিতরণের সময় প্রতিষ্ঠান প্রধান কোন কারণে অনুপস্থিত থাকলে তাঁর পরিবর্তে যিনি পুরস্কার গ্রহণ করবেন তাঁর নাম ও ঠিকানা :

নাম :

পদবী :

ঠিকানা :

টেলিফোন নম্বর : ফ্যাক্স নম্বর (যদি থাকে) :

ই-মেইল নম্বর (যদি থাকে) :

তারিখ :

প্রস্তাবক মন্ত্রণালয়/বিভাগ-এর সচিব
অথবা
স্বাধীনতা পুরস্কারে ভূষিত
প্রস্তাবক ব্যক্তির স্বাক্ষর